

সিআরবিএলপি সাফল্য

সৈয়দ হাসান মাহমুদ


বাংলা কমপিউটারের ইতিহাস খুব বেশি দিনের নয়। তবুও বাংলার কমপিউটার চালানার কাজ ভালো গতিতেই এগিয়ে

যাচ্ছে। বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যক্তিগত উদ্যোগে বানানো বাংলা সফটওয়্যারগুলো আমাদের দেশের কমপিউটার ব্যবহারকারীদের মাঝে বেশ সাদা ফেলগছে। বাংলায় বানানো সফটওয়্যারগুলোর চাহিদাও বেশ ভালোই বলা চলে। বিদেশী ভাষার সফটওয়্যার ব্যবহারের চেয়ে মাতৃভাষায় কমপিউটার ব্যবহার করার যে আনন্দ তা ভাষায় প্রকাশ করা সত্য নয়। কমপিউটারে বাংলা ভাষার বিকাশের পথে অনেক অবদান রয়েছে বেশ কিছু প্রতিষ্ঠানের। তার মধ্যে অন্যতম একটির নাম হচ্ছে সিআরবিএলপি (CRBLP)। সেক্টর ফর রিসার্চ অন্ বাংলা ল্যাব্জের গ্রসেসিং বা সিআরবিএলপি নামের এই প্রতিষ্ঠানের যাত্রা শুরু হয় ২০০৪ সাল থেকে। মহাখালীতে অবস্থিত ব্র্যাক ইউনিভার্সিটির কমপিউটার, বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের অধীনে এই প্রতিষ্ঠানটি নানা রকমের বাংলা সফটওয়্যার বানানোর কাজ করে আসছে। তাদের এই মহৎ কর্মে অর্ধের যোগান দিচ্ছে ইন্টারন্যাশনাল ডিজিটাল সফটওয়্যার প্রকৌশল (IDRC) নামের কানাডীয় একটি প্রতিষ্ঠান ও ব্র্যাক ইউনিভার্সিটি। সিআরবিএলপি নামের এই সংস্থাটির নেতৃত্বে রয়েছেন ব্র্যাক ইউনিভার্সিটির কমপিউটার, বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের সিদ্ধির লেকচারার ড. সুমিত্র বান। তাদের প্রতিষ্ঠানের ব্যাপারে তিনি বলেন- আমরা অনেক পথ অতিক্রম করে এসেছি, কিছু সময়ে আমাদের আরো অনেক পথ এগুতে হবে। সিআরবিএলপির বানানো উল্লেখযোগ্য কিছু সফটওয়্যারের মধ্যে রয়েছে সিআরবিএলপি কনভার্টার, বাংলাপ্যাড, বাংলা স্পেল চেকার, স্পিক

রিকগনিশন, করপাস অ্যানালাইসিস, প্যারালাল করপাস, লেক্সিকন ইত্যাদি।

বাংলা সাহিত্যের অনেক মুদ্রিত নথিপত্র ও গবেষণামূলক রচনা রয়েছে যা ডিজিটাল অবস্থায় নেয়া উচিত। কালের গর্ভে বিলীন হবার হাত থেকে মূল্যবান এসব নথিপত্র (হার্ডকপি) বাঁচানোর জন্য তা সফট কপিতে রূপান্তর করা অতীব জরুরি। কিন্তু বিপুলসংখ্যক নথিপত্র ডিজিটাল ফরমেটে নেয়া চাহিদাখানি কথা নয়। এজন্য প্রয়োজন হবে অনেক টাইপিষ্ট ও বিপুলসংখ্যক

একটি গণিয়ার সফটওয়্যারগুলোর কাজ হচ্ছে হাতে লেখা, টাইপরাইটারে টাইপ করা বা কাগজে মুদ্রিত কোনো টেক্সটকে কমপিউটারে ওয়ার্ড প্রসেসরের সাহায্যে সম্পাদনা করার মতো অবস্থায় নিয়ে যাওয়া। সিআরবিএলপির বানানো এই বাংলা গণিয়ার সফটওয়্যারটি হাতে লেখা বাংলা ডকুমেন্ট পড়ার ব্যাপারে অতটা পারদর্শী না হলেও বাংলায় লেখা ইমেজ ডকুমেন্টকে ভালোভাবেই সম্পাদনাযোগ্য টেক্সট ফরমেটে নিতে পারে। কিছু কিছু মুদ্রাক্ষর পড়ার সময় সামান্য কিছু ভুল



কমপিউটারের যোগান, সেই সাথে বিশাল অঙ্কের অর্ধের চাহিদা রয়েছে। আমাদের মতো উন্নয়নশীল দেশের জন্য তা একটু কঠিনই বলা চলে। তাই এই সমস্যার একটি সহজ সমাধান হচ্ছে বাংলা ভাষার লেখা পড়তে পারে এমন একটি গণিয়ার বা অপটিক্যাল ক্যারেক্টার রিকগনিশন ব্যবস্থা। গণিয়ার হচ্ছে এমন একটি ব্যবস্থা যাতে করে কোনো ইমেজ ডকুমেন্টকে টেক্সটকে রূপান্তর করা যায়। ইংরেজি ও অন্যান্য ভাষার জন্য বেশ কিছু জনপ্রিয় গণিয়ার সফটওয়্যার রয়েছে কিন্তু তাদের কোনোটিতেই বাংলায় লেখা ডকুমেন্ট পড়ার ব্যবস্থা নেই। তাই বাংলা ভাষার নথিপত্রগুলোকে রক্ষা করার উদ্দেশ্যে সিআরবিএলপি বাংলা গণিয়ার বানানোর উদ্যোগ নেয়। গত ১৯ ফেব্রুয়ারি প্রথম অফিসিয়ালভাবে একটি কার্যকরী বাংলা গণিয়ার সফটওয়্যার অবমুক্ত করা হয়। এতে বাংলায় লেখা কোন ডকুমেন্টের ইমেজ ফাইলটি স্ক্যান করে ডকুমেন্টের লেখাগুলোকে ইউনিকোড টেক্সটে পরিণত করা যায়। সাধারণত

এনভায়রনমেন্ট থাকতে হবে। সফটওয়্যারটি ডাউনলোড করে একটু ঘাচাই করে নিতে পারেন। <http://banglaocr.googlecode.com> ঠিকানা থেকে বিনামূল্যে এই বাংলা গণিয়ারটি ডাউনলোড করে নিতে পারবেন। বাংলা গণিয়ার জিন্মা জিন্মা প্রাটিকর্ভের জন্য ব্যবহারোপযোগী করে বানানো হয়েছে। এটি উইন্ডোজ, ম্যাক ওএসএক্স ও লিনাক্সের জন্য অবমুক্ত করা হয়েছে। বাংলাভাষী সফটওয়্যারগুলোর উন্নতি সাধনকারী প্রতিষ্ঠান সিআরবিএলপি থেকে বের হওয়া সফটওয়্যারগুলো গনুহ (GNU) পাবলিক লাইসেন্সের আওতায় বিনামূল্যে বিতরণযোগ্য। ওপেনসোর্সের আওতাভুক্ত হওয়াতে এসব সফটওয়্যারের সোর্সকোড উন্মুক্ত, তাই দক্ষ প্রোগ্রামাররা এসব সফটওয়্যারের আরো উন্নতি সাধন করে বাংলা কমপিউটারের বিকাশে বিশেষ ভূমিকা রাখতে পারেন।

ফিডব্যাক : shmt_21@yahoo.com

আপনি 3D MAX Animation শিখতে চান, তাহলে আজই C+S Computer Training Center-এ আসুন। এখানে প্রতিটি Course 100% নিশ্চয়তা দিয়ে শিখানো হয়। আমাদের Course সমূহ:

1. 3D Animation & Visual F/x
2. Architectural Visualization
3. Auto CAD (2D & 3D)
4. Web Design & Development

এছাড়া আমরা চাকরির বিশেষ নিশ্চয়তা দিয়ে বিশেষভাবে 3D MAX-এর ওপর একটি কোর্স করাইছি। এই কোর্স -এর মেয়াদ তিন মাস। এরপর বিশেষভাবে মার্শিয়ন্যাশনাল কোম্পানি-তে চাকরির সুযোগ...

C+S COMPUTER SYSTEM
Office : 1/1(D), Block-C, Lalmatia, Dhaka, Bangladesh
Cell : 037-72011723, 01716-301000